# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## আপীল বিভাগ

নং- ৫৬৭(১-৮) /২০১৮ খ্রিঃ এসসি (এডি) তারিখঃ ১৮/০৩/২০১৮ খ্রিঃ

## কোটেশন আহবান

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের (২৪ + ৬) জন = সর্বমোট ৩০ জন (পুরুষ/মহিলা) জাতীয় বেতন স্কেলের ১৬-২০ নং গ্রেডভুক্ত নন গেজেটেড কর্মচারীদের (জমাদার, এম,এল,এস,এস, ফরাস ও সুইপার) প্রাপ্য প্রতি ২ বছরের জন্য গ্রীষ্মকালীন দাপ্তরিক পোশাক ফুল সাফারী, হাফ সাফারী, জর্জেট শাড়ী, সুতি শাড়ী ও নাম ফলক ক্রয়/ তৈরী পূর্বক প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে কোটেশন আহবান করা যাইতেছেঃ-

২৪ জন পুরুষ কর্মচারীর জন্য ঃ-

| ক্রমিক নং | দ্রব্যের নাম | পরিমাণ |
|---|---|---|
| ১. | ফুল সাফারী | ২৪ সেট |
| ২. | হাফ সাফারী | ২৪ সেট |
| ৩. | নাম ফলক | ২৪ টি |

৬ জন মহিলা কর্মচারীর জন্য ঃ-

| ক্রমিক নং | দ্রব্যের নাম | পরিমাণ |
|---|---|---|
| ১. | (ক) জর্জেট শাড়ী - ২ টি ও অনুষঙ্গ<br>(খ) সুতি শাড়ী - ২ টি ও অনুষঙ্গ | ৬ সেট |
| ২. | নাম ফলক | ৬ টি |

## কোটেশনের শর্তাবলী

১। আগামী ২৮/০৩/২০১৭ খ্রিঃ তারিখ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত আপীল বিভাগের বিজ্ঞ অতিরিক্ত রেজিস্ট্রার মহোদয়ের এর কক্ষে রক্ষিত বাক্সে কোটেশন দাখিল করিতে হইবে এবং ঐ দিনই বেলা ২.৩০ ঘটিকার সময় কোটেশন দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশন বাক্স খোলা হইবে।

২। কোটেশনে উক্ত **সাজ-পোশাকের** মূল্য পৃথকভাবে উল্লেখ পূর্বক সর্বমোট মূল্য অবশ্যই উল্লেখ করিতে হইবে এবং হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স এবং আনুসাঙ্গিক কাগজপত্রাদি সংযুক্ত করত: কোটেশন দাখিল করিতে হইবে। খামের উপর কোটেশন শব্দটি উল্লেখ করিতে হইবে।

৩। কোটেশনের সহিত মোট মূল্যের শতকরা ৫% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) নিম্ন স্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হইবে। নগদ অর্থ গ্রহণযোগ্য নহে।

৪। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার **সাজ-পোশাক** সরবরাহকৃত তারিখ হতে ৬ (ছয়) মাস পর্যন্ত সংশ্লিষ্ট দপ্তরে সংরক্ষিত থাকিবে।

৫। কার্যাদেশ প্রাপ্তির ১৪ (চোদ্দ) দিনের মধ্যে কোটেশনে উপরে-উল্লেখিত **সাজ-পোশাকসমূহ** সরবরাহ পূর্বক প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করতঃ চালানসহ ৩ (তিন) কপি বিল অত্র অফিসের কোর্ট অফিসার শাখায় দাখিল করিতে হইবে।

৬। অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেড়া বা ফ্লু-ইড ব্যবহৃত কোটেশন এবং নির্ধারিত সময়ের পরে কোন কোটেশন কোনক্রমেই গ্রহণযোগ্য নহে।

৭। কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন প্রস্তাব গ্রহণে বাধ্য নহে এবং কোনরুপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ অথবা সকল কোটেশন বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

আদেশক্রমে,
১৮-০৩-১৮
(মোহাম্মদ মেহেদী হাসান)
ডেপুটি রেজিস্ট্রার
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।

প্রচারের জন্য অনুলিপিঃ-

১। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
২। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৩। নোটিশ বোর্ড, সলিসটর অফিস, ঢাকা।
৪। নোটিশ বোর্ড, আইন কমিশন, ঢাকা।
৫। নোটিশ বোর্ড, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন।
৬। বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট।